




Before Organic Exam

অ্যালকোহলের ডারনে পারে অ্যালডিহাইড
T.N.T. থেকে তৈরি হয় ডিআনাইট
অ্যালকোলে, অ্যালকোলের মজার মজার গিস্টি
কার্বনের সংসার হলো অসংখ্যিক জেনিস্ট্রি

I'm diene!



After Organic Exam



12 C Carbon	1 H Hydrogen	81 E Erbium	12 M Magnesium	127 I Iodine	28 S Silicon	47 T Titanium	103 R Radium	89 Y Yttrium	31 P Phosphorus	3 L Lithium	238 U Uranium	32 S Sulphur
-------------------	--------------------	-------------------	----------------------	--------------------	--------------------	---------------------	--------------------	--------------------	-----------------------	-------------------	---------------------	--------------------



জৈব রসায়ন নিয়ে যখন এত প্যানিক
কেমিস্ট্রি প্লাস তখন একমাত্র টনিক

অধ্যায়
০২

বিভাগ

জৈব রসায়ন
ORGANIC CHEMISTRY

কি পড়বে? কেন পড়বে?

SURVEY TABLE

কতটুকু পড়বে? কিভাবে পড়বে?



CONCEPT No.	MAGNETIC TOPICS [যা পড়বে]	MAKING DECISION [যে কারণে পড়বে]					VVI For This Year	
		DU	GST	MAT	Engr.	HSC MCQ	WRITTEN	MCQ
CONCEPT-01	জৈব রসায়নের সূচনা	60%	50%	75%	50%	50%	*	**
CONCEPT-02	জৈব যৌগের সংকরণ, বন্ধনকোণ ও বন্ধনদৈর্ঘ্য	75%	40%	50%	50%	50%	**	**
CONCEPT-03	জৈব যৌগের সমাণোত্তীয় শ্রেণি ও কার্যকরীমূলক	25%	40%	75%	25%	75%	***	**
CONCEPT-04	জৈব যৌগের নামকরণ ও গাঠনিক সংকেত	90%	80%	50%	85%	75%	***	***
CONCEPT-05	সমায়ু ও সমাপৃতা	90%	95%	75%	85%	85%	***	***
CONCEPT-06	আরোমোটিক হাইড্রোকার্বন	85%	90%	75%	90%	90%	***	**
CONCEPT-07	বেনজিনের বহু প্রতিস্থাপন বিক্রিয়া ও অর্থো-প্যারা নির্দেশক	90%	85%	90%	85%	85%	**	***
CONCEPT-08	মিথাইল বেনজিন [টলুইন]	75%	70%	75%	70%	75%	**	**
CONCEPT-09	বন্ধন বিভাজন ও বিকারক সমূহ	75%	95%	75%	90%	80%	***	***
CONCEPT-10	বিক্রিয়ার কৌশল বা মেকানিজম	90%	70%	60%	80%	85%	**	***
PART BY PART ORGANIC CHEMISTRY								
PART-01	অ্যালকেন সম্পর্কিত তথ্যাবলি	90%	75%	50%	60%	50%	**	***
PART-02	অ্যালকিন সম্পর্কিত তথ্যাবলি	90%	90%	60%	70%	70%	**	***
PART-03	অ্যালকাইন সম্পর্কিত তথ্যাবলি	90%	75%	65%	80%	60%	***	***
PART-04	অ্যালকেনিক ও আরোমোটিক হাইড্রোকার্বনের হ্যালোজেন জাতকসমূহ	90%	80%	50%	60%	60%	**	***
PART-05	ক্রোরোফরম সম্পর্কিত তথ্যাবলি	90%	90%	70%	50%	70%	**	***
PART-06	অ্যালকোহল সম্পর্কিত তথ্যাবলি	90%	85%	70%	70%	60%	***	***
PART-07	ফেনল সম্পর্কিত তথ্যাবলি	90%	90%	80%	85%	85%	***	***
PART-08	ইথার সম্পর্কিত তথ্যাবলি	90%	75%	60%	60%	60%	**	***
PART-09	অ্যালডিহাইড ও কিটোন সম্পর্কিত তথ্যাবলি	90%	90%	90%	95%	95%	***	***
PART-10	জৈব এসিড ও জৈব এসিডের জাতকসমূহ সম্পর্কিত তথ্যাবলি	90%	95%	80%	80%	85%	**	***
PART-11	অ্যামিন সম্পর্কিত তথ্যাবলি	95%	95%	95%	95%	95%	***	***
PART-12	কয়েকটি প্রস্তুতি, শনাক্তকরণ ও ব্যবহার	90%	85%	80%	90%	90%	**	***
PART-13	নামীয় বিক্রিয়া	95%	95%	95%	95%	95%	***	***
PART-14	কার্যকরীমূলক শনাক্তকরণে IR Spectroscopy সম্পর্কিত তথ্যাবলি ⊕	90%	45%	50%	60%	50%	**	***
PART-15	পলিমার ও প্রাস্টিসিটি সম্পর্কিত তথ্যাবলি ⊕	90%	35%	50%	60%	50%	**	***

⊕ চিহ্নিত অংশগুলো সঠিকভাবে সিলেবাস বর্ধিত



যে কোব ভর্তি পরীক্ষায় জৈব যৌগ থেকে মাধ্যমগত ৩০-৩৫% এর অধিক প্রশ্ন পূরণে থাকে। তাই জৈব যৌগের জন্য বাড়তি নজর দেওয়া জরুরি। তবে বিশাল সিলেবাসের পরিধি কিভাবে আয়ত্ত্ব করবে তা অনেকেই স্বল্প সময়ে বুঝে উঠতে পারে না। তাই মরার জন্য তিনটি কথাঃ-----

- বিক্রিয়ার মূল বা কৌশল জানতে হবে।
- বিগত বছরের প্রশ্ন (২০১৫-১৬ থেকে বর্তমান পড়লেও চলে) অনুশীলন করতে হবে।
- মান সম্মত প্রশ্ন অনুশীলন করতে হবে।

জৈব রসায়নের সূচনা


01

জৈব রসায়নের ইতিহাস সম্পর্কিত তথ্য :

বার্জেলিয়াস মত প্রকাশ করেন যে সজীব উদ্ভিদ বা প্রাণী থেকে প্রাপ্ত বস্তুকে বলা হয় জৈব যৌগ এবং নিরজীব থেকে প্রাপ্ত বস্তুকে বলা হয় অজৈব যৌগ এজন্য বার্জেলিয়াস এর মতবাদটিকে বলা হয় প্রাণশক্তির মতবাদ বা Vital Force Theory।

বিষয়	বিজ্ঞানীর নাম	দেশ
জৈব যৌগ নামের প্রবর্তক	বার্জেলিয়াস (১৮০৭)	সুইডেন
রসায়নের জনক	ল্যাভয়সিয়ে	ফ্রান্স
আধুনিক রসায়নের জনক	জন ডাল্টন	ব্রিটেন
প্রাণশক্তি মতবাদের জনক	বার্জেলিয়াস (১৮১৫)	সুইডেন
জৈব রসায়নের জনক	ফ্রেডরিখ উহলার	জার্মানী
স্টেরিও রসায়নের জনক	জে এইচ ড্যান্ট-হফ	নেদারল্যান্ড
বেনজিনের ষড়ভুজ কাঠামো	অগাস্ট কেকুল	জার্মানী
অ্যাসিটিক এসিড সংশ্লেষণ	কোবে (১৮৪৫)	জার্মানী

জৈব রাসায়নিক বিক্রিয়ায় অ্যামোনিয়াম সায়ানেট থেকে ইউরিয়া উৎপাদনের এই বিক্রিয়াটিকে জৈব রসায়নের সূচনাকারী বিক্রিয়া বলা হয়।



সর্বপ্রথম পরীক্ষাগারে প্রস্তুতকৃত রাসায়নিক পদার্থের নাম- ইউরিয়া। ইউরিয়ার রাসায়নিক নাম- অ্যামোনিয়াম কার্বামেট বা কার্বামাইড।


জৈব যৌগের সংজ্ঞাত তথ্য-

হাইড্রোকার্বন ও হাইড্রোকার্বনজাত যৌগই জৈব যৌগ।

জৈব যৌগের মাতৃ উপাদান কার্বন তবে কার্বনের সাথে H/X (হ্যালোজেন)/O/N/S/P (কার্বন ব্যতিত ৬টি মৌল) থাকতে পারে।

মনে রাখার মজার নিয়ম	হালুয়া	চপসু	নাও
হালুয়া চপসু নাও	↓	↓	↓
	হ্যালোজেন (X)	C, H, O, P, S	N ₂

ব্যতিক্রম
(যা কিছু ব্যতিক্রম তাই পরীক্ষায় আসে)



জৈব যৌগের সংখ্যাধিক্যের কারণ- PIC: P → Polymerisation, I → Isomerism, C → Catenation

ক্যাটেনেশন- বিভিন্ন আকার ও আকৃতির দীর্ঘ শিকল গঠন করার ধর্মকে Catenation বলে। (Latin শব্দ Catena অর্থ শিকল)

কার্বনের চতুর্ভুজাতা- একক, দ্বি ও ত্রি বন্ধন গঠনের প্রবণতা।

বিশেষ যৌগ গঠনের প্রবণতা- এটি কার্বনের বিশেষ রূপভেদ যেখানে ৩০-৭০টি কার্বন পরমাণু সমযোজী বন্ধনে থাকে।

- ক্যাটেনেশনের বিশেষ উদাহরণ হল ফুলারিন বা বুকমিনস্টার বা বাকিবল।
- ফুলারিন নামক দীর্ঘ শিকলের জৈব যৌগটির আণবিক ভর 720।
- এ কাঠামোতে কার্বন পরমাণুসমূহ sp² সংকরিত থাকে।
- ফুলারিনের আকৃতি ফুটবলের মত।
- পৃথিবীর সর্ববৃহৎ অণু ফুলারিন।

DU QUESTION

নিচের কোন যৌগের পুনর্বিন্যাসের ফলে ইউরিয়া পাওয়া যায়?
[JU. 2001-02, RU-F. 2015-16, RU.2008-09, JU. 2010-11]
A. NH_4COH B. NH_4CNS C. NH_4COO D. NH_4CNO

Ans D Analysis $NH_4CNO \xrightarrow{\Delta} H_2NCONH_2$

JU QUESTION

কোনটি 'বাকিবল' (Buckyball)? [JU-D, Set-II: 2022-23]
A. C_{60} B. C_{60} C. C_{40} D. C_{65}

Ans B Analysis কার্বন হতে সৃষ্ট ন্যানো পাটিকেলের মধ্যে ফুলারিনসমূহ (fullerenes) যেমন C_{32} , C_{50} , C_{60} , C_{70} উল্লেখযোগ্য। এদের মধ্যে ফুলারিনের ফুলারিন বা 'বাকি বল' (Bucky ball) C_{60} এর আকার ফুটবলের মতো।

কোনটি হেটারোসাইক্লিক অ্যালিফেটিক যৌগ? [JU-A, Set-S: 2022-23]

A. ইথিলিন অক্সাইড B. ফিউরান
C. থায়োফিন D. পিরিডিন

Ans A

কোনটি হেটারোসাইক্লিক যৌগ? [JU-A, Set-R: 22-23, Set-D. 19-20. 11-12, 08-09, CU. 12-13, 09-10; RU. 12-13, 09-10; MBSTU. 19-20; JUST.B-16-17; MAT. 19-20; DU.7Clg-19-20]

A. পিরিডিন B. সাইক্লোবিউটেন C. বেনজিন D. ন্যাপথালিন

Ans A Analysis জৈব যৌগে C + (S/O/N/P/X) থাকলে তা বিষম চক্রিক হয়।

যেমন: ফিউরান $\rightarrow (C_4H_4O)$, থায়োফিন $\rightarrow (C_4H_4S)$

পাইরল $\rightarrow (C_4H_5N)$, পিরিডিন $\rightarrow (C_5H_5N)$

কোনটি বিঘম চক্রিক অ্যারোমেটিক যৌগ? [JU-A, Set-I. 2021-22]

A. ইপ্সিল ইথেন B. সাইক্লোপ্রোপেন C. বেনজিন D. পিরিডিন

Ans D Analysis বিঘমচক্রিক অ্যারোম্যাটিক যৌগ: যেসব অ্যারোম্যাটিক যৌগের চক্রকার কার্বন শিকলে কার্বন ছাড়া অন্য একটি ভিন্ন মৌলের পরমাণু বা বিঘম পরমাণু (N,O,S,P) ইত্যাদি বিদ্যমান থাকে তাকে বিঘম চক্রিক যৌগ বলে।

কোনটি জৈব যৌগ নয়? [JU-A, Set-F. 2021-22. RU-Moderna. Set-2: 2020-21]

A. CH_4 B. $HCHO$ C. HCN D. CH_3OH

Ans C Analysis HCN এটি অজৈব যৌগ। কার্বন ও হাইড্রোজেন বিদ্যমান হলে জৈব যৌগ নয় এমন যৌগ: NH_4CNO , $NaHCO_3$, H_2CO_3 , KCN ইত্যাদি।

সালোকসংশ্লেষণ মূলত- [JU-D, Set-C. 2020-21]

A. অজৈব-রাসায়নিক প্রক্রিয়া B. জৈব-রাসায়নিক প্রক্রিয়া
C. কৃত্রিম প্রক্রিয়া D. সরল বিক্রিয়া

Ans B Analysis সালোকসংশ্লেষণ (photosynthesis) মূলত এক ধরনের জৈব রাসায়নিক (biochemical) বিক্রিয়া।

কোনটি হেটারোসাইক্লিক যৌগ?

[JU-D₃. 17-18; A₉. 17-18, 10-11, RU. 12-13, CoU. 12-13]

A. সাইক্লোপ্রোপেন B. বেনজিন
C. থায়োফিন D. সাইক্লোহেক্সেন

Ans C

কোনটি অ্যালিসাইক্লিক যৌগ? [JU-6.2017-18]

A. পিরিডিন B. সাইক্লোবিউটেন C. পাইরল D. বেনজিন

Ans B Analysis অ্যালিসাইক্লিক যৌগের সাধারণ সংকেত:

C_nH_{2n} , $n = 3, 4, 6, \dots$ । যেমন- $n = 3$ হলে সাইক্লোপ্রোপেন এবং $n = 4$ হলে সাইক্লোবিউটেন।

কোনটি হোমোসাইক্লিক অ্যারোমেটিক যৌগ? [JU-D₁.2017-18, RU.2006-2007]

A. সাইক্লোহেক্সেন B. বেনজিন হেক্সাক্লোরাইড
C. সেনল D. থায়োফিন

Ans C Analysis যে সকল অ্যারোমেটিক যৌগের চক্র কাঠামো শুধুমাত্র কার্বন পরমাণু দ্বারা গঠিত তাদেরকে সুখম বা কার্বোসাইক্লিক বা হোমোসাইক্লিক অ্যারোমেটিক যৌগ বলে। যেমন- বেনজিন, ফেনল, টলুইন।

10. অসম্পৃক্ত হাইড্রোকার্বন- [JU-D: 2014-15, CU. 2003-04,2010-11,2019-10]
A. অকটেন B. প্রোপেন C. হেপ্টেন D. ইথাইন

Ans D Analysis π -বন্ধন বিশিষ্ট বা জৈব যৌগে দ্বি বা ত্রিবন্ধন থাকলে তা অসম্পৃক্ত হয়। ইথাইনের মধ্যে π -বন্ধন বিদ্যমান।

11. কোন বিজ্ঞানী 1773 সালে মানব মূত্র থেকে ইউরিয়া নামক এক খাঁঝালো পদার্থ আৱরণ করেন? [JU. 2009-2010]

A. ফ্রেডরিক জোলার B. রাউলি
C. নিকোলাস ল্যামেরী D. ল্যাভয়সিয়ে

Ans B

RU QUESTION

01. সাধারণত কোন ধর্মটি একটি জৈব যৌগের বৈশিষ্ট্য হিসেবে ধরা হয়? [RU-Ka,Set-3: 2018-19]

A. নিম্ন গলনাংক B. উচ্চ গলনাংক
C. পোলার দ্রাবকে দ্রাব্যতা D. অপোলার দ্রাবকে অদ্রাব্যতা

Ans A

02. কার্বন যৌগের পরিমাণ অসংখ্য হওয়ার কারণ কী? [RU,Set-3: 2018-19, 12-13]

A. পলিমারাইজেশন B. ক্যাটেনেশন
C. আইসোমারাইজেশন D. সবগুলো

Ans D Analysis কার্বনের যৌগ বা জৈব যৌগের প্রচুরের কারণ:

i. ক্যাটেনেশন ধর্ম ii. সমাপ্ততা ধর্ম iii. পলিমারকরণ ধর্ম।

03. ফিউরান কোন প্রকার যৌগ? [RU-G₁. 2017-18; HSTU. 2017-18, CU. 2009-10, KU. 2015-16]

A. কার্বোসাইক্লিক B. অ্যালিসাইক্লিক C. হেটারোসাইক্লিক D. অ্যালিফেটিক

Ans C Analysis ফিউরানে হেটারো মৌল হিসেবে অক্সিজেন থাকে। তাই এটিকে হেটারোসাইক্লিক যৌগ বলে।

04. ফুলারিন কোন মৌলের রূপভেদ? [RU-C, 2014-15, MBSTU-A. 11-12, B: 19-20]

A. ফ্লোরিন B. ফসফরাস C. সালফার D. কার্বন

Ans D Analysis কার্বনের রূপভেদ তিনটি:

i. হীরক ii. গ্রাফাইট iii. ফুলারিন ($C_{60} \rightarrow$ আণবিক ভর 720)।

05. কঠিন অ্যামোনিয়াম সায়ানেট তৈরী করতে গিয়ে আকস্মিকভাবে ইউরিয়া আবিষ্কার করেন কোন বিজ্ঞানী? [RU. 2012-2013, JU. 2007-08, JUST: 2018-19, 11-12, JU. 2011-12, JnU. 2013-14, RU-F. 2011-12]

A. F. Wholer B. Emil Fischer
C. Clemmensen D. Eric Huckel

Ans A Analysis কঠিন অ্যামোনিয়াম সায়ানেট তৈরী করতে গিয়ে আকস্মিকভাবে ইউরিয়া আবিষ্কার করেন F. Wholer. [তিনি জৈব রসায়নের জনক]

CU QUESTION

01. রান্নার সিলিভারে নিচের কোন গ্যাস বা গ্যাসের মিশ্রণ থাকে? [CU-A, Set-1. 20-21]

A. পেট্রোল B. কেরোসিন
C. মিথেন ও প্রোপেন D. প্রোপেন ও বিউটেন

Ans D Analysis রান্নার সিলিভারে ব্যবহৃত হয় LPG (Liquified Petroleum Gas) যা মূলত প্রোপেন, বিউটেন, ইথেন ইত্যাদি গ্যাসের মিশ্রণ।

02. কোন জৈব যৌগটি সম্পৃক্ত? [CU. 2019-20]

A. ইথানল B. ইথিলিন C. এসিটিলিন D. বেনজিন

Ans A Analysis সকল একক বন্ধনযুক্ত জৈব যৌগ সম্পৃক্ত জৈব যৌগ। ইথানল এর গাঠনিক সংকেত দেখলেই বুঝা যায়।

03. কোনটি জৈব যৌগ নয়? [CU-A.2017-18]

A. CS_2 B. $HCHO$
C. CaC_2 D. HCO_2H

Ans AC Analysis কার্বনের সাথে H, N, S, O হ্যালোজেন প্রভৃতি পরমাণু নিয়ে জৈব যৌগ গঠিত হয়। তবে কিছু সংখ্যক কার্বন ঘটিত যৌগ যেমন- কার্বনের অক্সাইড (CO , CO_2), কার্বনেট($CaCO_3$), কার্বাইড বা ধাতব কার্বাইড (CaC_2), ডাইসালফাইড (CS_2) এবং ধাতব সায়ানাইড (KCN), ধাতব কার্বোনিল [$Fe(CO)_5$, $Ni(CO)_4$] প্রভৃতি যৌগসমূহ অজৈব যৌগের সদৃশ হওয়ায় তাদেরকে জৈব যৌগের অন্তর্ভুক্ত করা হয় না, এরা অজৈব যৌগ।

জৈব যৌগের সংকরণ, বন্ধনকোণ ও বন্ধনদৈর্ঘ্য

CONCEPT

02

সমন্বিত বন্ধন ব্যাখ্যার তত্ত্ব: (i) সমযোজী বন্ধনের ইলেকট্রনীয় তত্ত্ব (বিজ্ঞানী লুইস, ১৯১৬) (ii) আধুনিক অরবিটাল অধিক্রমণ তত্ত্ব

সমন্বিত বন্ধন শ্রেণী	সংকরণ	উৎপন্ন সংকরিত অরবিটাল	চরিত্র (s)	বন্ধন দৈর্ঘ্য (nm)	বন্ধন কোণ	চিত্র	আকৃতি
অ্যালকেন	sp ³	4টি	25%	C-C : 0.154 C-H : 0.110	109.5°		চতুস্তলকীয়
অ্যালকিন	sp ²	3টি	33.3%	C=C : 0.134 C-H : 0.109	120°		সমতলীয় ত্রিকোণাকার
অ্যালকাইন	sp	2টি	50%	C≡C : 0.120 C-H : 0.106	180°		সরল রৈখিক

জেনে রাখা ভালো: বেনজিনে দ্বিবন্ধন থাকলেও এর বন্ধন দৈর্ঘ্য 0.139nm

এক নজরে অ্যালিফেটিক মুক্ত শিকল হাইড্রোকার্বন:

নাম	প্রচলিত নাম	প্রচলিত অর্থ	সাধারণ সংকেত	উদাহরণ	কার্বন-কার্বন বন্ধন	সংকরণ
অ্যালকেন	প্যারAFFIN	কম সক্রিয়/আসক্তিশীল	C _n H _{2n+2}	ইথেন (CH ₃ -CH ₃)	C-C (π → 0)	sp ³
অ্যালকিন	অলেফিনস	তেল উৎপাদনকারী	C _n H _{2n}	ইথিন (CH ₂ =CH ₂)	C=C (π → 1)	sp ²
অ্যালকাইন	অ্যাসিটিলিনস	অম্লীয়	C _n H _{2n-2}	ইথাইন (CH≡CH)	C≡C (π → 2)	sp

REAL TEST

ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS

DU QUESTION

CH₂=CH-CH=CH₂ এর কার্বন পরমাণুসমূহের সংকরণের ধরনের?

- A. sp², sp³ B. sp, sp³ C. sp² D. sp, sp², sp³

Ans C Analysis

হামরা জানি, sp² বন্ধন সংকরণ ঘটায়। এখানে প্রতিটি কার্বনের 3টি করে sp² বন্ধন থাকায় এর সংকরণ sp² হবে।

কোন যৌগটিতে একের অধিক ধরনের সংকরিত কার্বন আছে? [DU-Ka.2016-17]

- A. Cyclohexane B. Benzene C. Toluene D. n-butane

Ans C Analysis Toluene এর সংকেত

এতে CH₃-মূলকের কার্বনটি sp³ সংকরিত কিন্তু বেনজিন বলয়ের মূলকটি sp² সংকরিত কারণ বলয়ের কার্বন পরমাণুটিতে কার্বন-কার্বন দ্বিবন্ধন আছে।

নিচের খোলা শিকল যৌগগুলোর কোনটিতে সবগুলো বন্ধন সিগমা? [DU. 06-07]

- A. C₁₀H₂₀ B. C₁₀H₂₂ C. C₁₀H₁₈ D. C₁₀H₂₀O

Ans B Analysis অ্যালকেনের সকল বন্ধনই সিগমা বন্ধন। তাই C₁₀H₂₂ এর সবগুলো সিগমা বন্ধন। সাধারণ সংকেত: C_nH_{2n+2}

JU QUESTION

C₂H₄, C₂H₂ ও C₂H₆ যৌগগুলোতে C-C বন্ধন দৈর্ঘ্য যথাক্রমে X, Y ও Z হবে। [JU-A, Set-N: 2022-23]

- A. X < Y < Z B. Y < Z < X C. X < Z < Y D. Y < X < Z

Ans D Analysis C₂H₄, C₂H₂ ও C₂H₆ এ C-C বন্ধন দৈর্ঘ্য যথাক্রমে 1.34Å, 1.20Å ও 1.54Å। সুতরাং, সঠিক ক্রম হলো: Y < X < Z

নিচের কোন যৌগের C-পরমাণুতে sp² সংকরণ ঘটে? [JU-A, Set-A: 2019-20]

- A. CH-CH₃ B. CH₃-C≡CH
C. CH₃CH₂CH₂OH D. CH₂=CH₂

Ans D [JU-D, Set-C: 2018-19]

- কোন যৌগে π-বন্ধন নেই?
A. C₂H₆ B. HCHO C. C₂H₂ D. HCN

Ans A Analysis অ্যালকেনে শুধু সিগমা বন্ধন থাকে।

04. C-C বন্ধন দূরত্ব কোনটির ক্ষেত্রে সবচেয়ে কম?

[JU-D, 2017-18, DU. 7 Clg, Unit-A: 2018-19]

- A. প্রোপেন B. ইথেন C. ইথিন D. ইথাইন

Ans D Analysis বন্ধন দৈর্ঘ্যের ক্রম:

অ্যালকাইন < বেনজিন < অ্যালকিন < অ্যালকেন।

05. ইথেনে ∠H-C-C কোণের পরিমাণ-

[JU. 2009-2010]

- A. 109.5° B. 120° C. 180° D. 90°

Ans A

RU QUESTION

01. কার্বন-কার্বন বন্ধনীতে বন্ধন দূরত্ব সবচেয়ে কম কোন সংকরণের ক্ষেত্রে?

[RU-C, Topaz-3: 2022-23]

- A. সংকরণের প্রভাব নেই B. sp
C. sp² D. sp³

Ans B Analysis হাইড্রোকার্বন সংকরণ ও অরবিটালসমূহঃ

সমন্বিত বন্ধন শ্রেণী	সংকরণ	উৎপন্ন সংকরিত অরবিটাল	বন্ধন দৈর্ঘ্য (nm)
অ্যালকেন	sp ³	4টি	C-C : 0.154 C-H : 0.110
অ্যালকিন	sp ²	3টি	C=C : 0.134 C-H : 0.109
অ্যালকাইন	sp	2টি	C≡C : 0.120 C-H : 0.106

জেনে রাখা ভালো: বেনজিনে দ্বিবন্ধন থাকলেও এর বন্ধন দৈর্ঘ্য 0.139nm

02. C≡C বন্ধন দূরত্ব C=C বন্ধন দূরত্ব অপেক্ষা কম, কারণ দ্বিবন্ধনের তুলনায় ত্রিবন্ধনে সৃষ্ট সংকরিত অরবিটাল-


[RU-Moderna, Set-2. 20-21]

- A. p-চরিত্র বেশি B. s-চরিত্র কম C. s-চরিত্র বেশি D. A ও B উভয়ই

Ans C Analysis C≡C বন্ধন দূরত্ব C=C বন্ধন দূরত্ব অপেক্ষা কম, কারণ দ্বিবন্ধনের তুলনায় ত্রিবন্ধনে সৃষ্ট সংকরিত অরবিটালে s-চরিত্র বেশি।

03. 2-মিথাইল-2-বিউটানল অণুতে কতটি কার্বন-কার্বন বন্ধন থাকে? [RU. 2019-20]

- A. 2 B. 3 C. 4 D. 5



জৈব যৌগের সমগোত্রীয় শ্রেণি ও কার্যকরীমূলক

CONCEPT 03

সমগোত্রীয় শ্রেণীর বৈশিষ্ট্য:

- সাধারণ সংকেত
- নির্দিষ্ট কার্যকরী মূলক
- দুটি আনবিক সংকেতে মিথিলিন মূলকের পার্থক্য
- একই রাসায়নিক ধর্ম।

সংকেত	সমগোত্রীয় শ্রেণী	সংকেত	সমগোত্রীয় শ্রেণী
C_nH_{2n+2}	অ্যালকেন	$C_nH_{2n}O$	অ্যালডিহাইড, কিটোন
C_nH_{2n}	অ্যালকিন, সাইক্লো অ্যালকেন	$C_nH_{2n}O_2$	কার্বক্সিলিক এসিড, এস্টার
C_nH_{2n-2}	অ্যালকাইন, সাইক্লো অ্যালকিন, ডাই-ইন	$C_nH_{2n+2}N$	সম্পূর্ণ অ্যালিফেটিক অ্যামিন
$C_nH_{2n+2}O$	অ্যালকোহল, ইথার	$C_nH_{2n+1}OH$	অ্যালকোহল

উদাহরণ C_3H_8O এই যৌগটি থেকে কোন কার্যকরী মূলক পাওয়া যায়। $C_nH_{2n+2}O \rightarrow C_3H_8O$ — অ্যালকোহল ($CH_3-CH_2-CH_2-OH$)
 ইথার ($CH_3-O-CH_2-CH_3$)








ITEM-02 কার্যকরী মূলক বা ফ্রিঙ্গাংশ মূলক বা শ্রেণিনির্দেশক (FUNCTIONAL GROUP):

সমগোত্রীয় শ্রেণি	কার্যকরী মূলকের নাম	মূলকের সংকেত	অগ্রগণ্য নির্দেশক	প্রতিস্থাপক হিসেবে	নামের অংশ
কার্বক্সিলিক এসিড	কার্বক্সিলিক এসিড বা ফ্যাটি এসিড মূলক	-COOH	↑	কার্বক্সি	নয়িক বা অয়িক এসিড
সালফোনিক এসিড	সালফোনিক এসিড মূলক	-SO ₃ H		সালফো	সালফোনিক এসিড
সালফিনিক এসিড	সালফিনিক এসিড মূলক	-SO ₂ H		সালফিনো	সালফিনিক এসিড
সালফেনিক এসিড	সালফেনিক এসিড মূলক	-SOH		সালফেনো	সালফেনিক এসিড
অ্যানহাইড্রাইড	অ্যানহাইড্রাইড মূলক	-COOCO-		-	অয়িক অ্যানহাইড্রাইড
এস্টার	এস্টার মূলক	-COOR		অ্যালকক্সি কার্বনিল	অয়েট
এসিড হ্যালাইড	এসিড হ্যালাইড মূলক	-COX		হ্যালাফরমিল	অয়িল হ্যালাইড
এসিড অ্যামাইড	অ্যামাইডো মূলক	-CONH ₂		কার্বাময়িল	অ্যামাইড
হাইড্রাজিড	হাইড্রাজিড মূলক	-CO-NH-NH ₂		কার্বনিল হাইড্রাজিনো	হাইড্রাজিড
ইমাইড	ইমাইড মূলক	-CO-NH-CO-		R-ইমিডো	কার্বক্সি ইমাইড
ইমিডাইন	ইমিডাইন মূলক	-C(NH)-NH ₂		অ্যামিডিনো	অ্যামিডাইন
নায়নাইড	সায়নাইড বা নাইট্রাইল মূলক	-CN		সায়নো	নাইট্রাইল
আইসোসায়নাইড	আইসোসায়নাইড মূলক	-NC		-	-
আইসো থায়োসায়নোটে	আইসো থায়োসায়নোটে মূলক	-NCS		-	-
অ্যালডিহাইড	অ্যালডিহাইড মূলক	-CHO		ফরমিল	অ্যাল
কিটোন	কার্বোনিল বা কিটো মূলক	=CO		অক্সো/কিটো	ওন
অ্যালকোহল	3° টারসিয়ারি অ্যালকোহল মূলক	≡COH		হাইড্রক্সি	অল
অ্যালকোহল	2° সেকেন্ডারি অ্যালকোহল মূলক	=CHOH		"	"
অ্যালকোহল	1° প্রাইমারি অ্যালকোহল মূলক	-CH ₂ OH		"	"
থায়োল	থায়োল মূলক	-SH		মারকেপ্টান বা মারকেপ্টো	থায়োল
অ্যালকাইল অ্যামিন	অ্যামিনো মূলক	-NH ₂	অ্যামিনো	অ্যামিন	
ইমিন	ইমিন মূলক	-NH-	ইমিনো	ইমিন	
হাইড্রাজিন	হাইড্রাজিন মূলক	-NH-NH ₂	হাইড্রাজিনো	হাইড্রাজিন	
ইথার	ইথার মূলক	-O-	অ্যালকক্সি/অ্যারাইলক্সি	ইথার	
অ্যালকিন	অ্যালকিন বা অলেফিন মূলক	>C=C<	অ্যালকিন	-	
অ্যালকাইন	অ্যালকাইন বা অ্যাসিটিলিন মূলক	-C≡C-	অ্যালকাইন	-	
অ্যারাইল বা ফিনাইল	ফিনাইল মূলক	-C ₆ H ₅	ফিনাইল	-	
ক্লোরাইড	ক্লোরাইড মূলক	-Cl	ক্লোরো	-	
ব্রোমাইড	ব্রোমাইড মূলক	-Br	ব্রোমো	-	
আয়োডাইড	আয়োডাইড মূলক	-I	আয়োডো	-	
নাইট্রো যৌগ	নাইট্রো মূলক	-NO ₂	নাইট্রো	-	
অ্যালকাইল	অ্যালকাইল মূলক	-R	অ্যালকাইল	-	

□ একনজরে কিছু অ্যালিফেটিক মূলকের নাম ও সংকেত:

মূলকের নাম	মূলকের সংকেত	মূলকের নাম	মূলকের সংকেত
মিথাইল মূলক	CH_3-	ISO-পেটাইল মূলক	$\begin{array}{c} \text{CH}_3 \\ \\ \text{CH}_2-\text{CH}-\text{CH}_2-\text{CH}_2- \end{array}$
ইথাইল মূলক	CH_3-CH_2-	neo-পেটাইল মূলক	$(\text{CH}_3)_2\text{C}-\text{CH}_2-$ বা, $\begin{array}{c} \text{CH}_3 \\ \\ \text{CH}_2-\text{C}-\text{CH}_2- \\ \\ \text{CH}_3 \end{array}$
প্রোপাইল মূলক	$\text{CH}_3-\text{CH}_2-\text{CH}_2-$	ভিনাইল মূলক	$\text{CH}_2=\text{CH}-$
ISO-প্রোপাইল মূলক	$(\text{CH}_3)_2\text{CH}-$ বা, $\begin{array}{c} \text{CH}_3 \\ \\ \text{CH}_3-\text{CH}- \end{array}$	পোপিনাইল মূলক	$\text{CH}_2=\text{CH}-\text{CH}-$
বিউটাইল মূলক	$\text{CH}_3-\text{CH}_2-\text{CH}_2-\text{CH}_2-$	অ্যাপাইল মূলক	$\text{CH}_2=\text{CH}-\text{CH}_2-$
ISO-বিউটাইল মূলক	$(\text{CH}_3)_2\text{CH}-\text{CH}_2-$ বা, $\begin{array}{c} \text{CH}_3 \\ \\ \text{CH}_3-\text{CH}-\text{CH}_2- \end{array}$	ইথাইনাইল মূলক	$\text{CH}=\text{C}-$
sec-বিউটাইল মূলক	$\begin{array}{c} \text{CH}_3 \\ \\ \text{CH}_3-\text{CH}_2-\text{CH}- \end{array}$	গোপাইনাইল মূলক	$\text{CH}_2=\text{C}=\text{C}-$
tert-বিউটাইল মূলক	$(\text{CH}_3)_3\text{C}-$ বা, $\begin{array}{c} \text{CH}_3 \\ \\ \text{CH}_3-\text{C}- \\ \\ \text{CH}_3 \end{array}$	গোপারগাইল মূলক	$\text{CH}=\text{C}-\text{CH}_2-$
পেটাইল মূলক	$\text{CH}_3-\text{CH}_2-\text{CH}_2-\text{CH}_2-\text{CH}_2-$	N-অ্যালকাইলঅ্যামিনো মূলক	$\text{R}-\text{NH}-$

□ একনজরে কিছু অ্যারোমেটিক মূলকের নাম ও সংকেত:

মূলকের নাম	মূলকের সংকেত	মূলকের নাম	মূলকের সংকেত
ফিনাইল বা অ্যারাইল মূলক		বেনজাল বা বেনজাইলিডিন মূলক	
ফিনাইলিন মূলক		বেনজোমূলক	
টলাইল মূলক	$\text{CH}_3-\text{C}_6\text{H}_5$	বেনজোয়িল মূলক	
বেনজাইল মূলক		ফিনেট মূলক	

SAQ
Short Ans. Questions

WRITTEN SUGGESTION

BAQ
Broad Ans. Questions

বিগত বছরের লিখিত প্রশ্ন

প্রশ্ন-০১ : নিম্নলিখিত যৌগগুলির গাঠনিক সংকেত লিখ:

(a) থায়ো অ্যাসিটামাইড

(b) পটাসিয়াম পারম্যাঙ্গানেট

[RUET, 2019-20]

উত্তর : (a) $\begin{array}{c} \text{S} \\ || \\ (\text{CH}_3-\text{C}-\text{NH}_2) \end{array}$;

(b) $\text{K}^+ \text{O}^- \text{Mn} = \text{O}$
 $\quad \quad \quad ||$
 $\quad \quad \quad \text{O}$

প্রশ্ন-০২ : নিম্নোক্ত যৌগগুলির কার্বকরী মূলক লিখ:

(a) বিউটানল

(b) বেনজোয়িক এসিড

(c) ফরমালডিহাইড

[BUTex, 2007-08]

উত্তর : (a) $-\text{OH}$

(b) $-\text{COOH}$

(c) $-\text{CHO}$

প্রশ্ন-০৩ : নিম্নলিখিত সমস্যাটীর শ্রেণীগুলির কার্বকরী মূলক সমূহের গাঠনিক সংকেত লিখ।

(a) অ্যালকিন

(b) অ্যালকাইন

(c) অ্যালকোহল

(d) অ্যালডিহাইড

(e) এস্টার

(f) ইথার।

[CUET, 2005-09]

উত্তর : Concept-03, Item-02 এর চার্ট লক্ষ্য কর।

প্রকল্পপূর্ণ লিখিত প্রশ্ন

প্রশ্ন-০১ : কার্বকরী মূলক (Functional Group) কী?

[চ.বো. ২০১৪; ঞ.বো. ২০১৯; কৃ.বো. ২০১৬, ২০১৯; ঞ.বো. ২০১৭]

উত্তর : কোন জৈব যৌগের অণুতে উপস্থিত যে পরমাণু বা পরমাণুগোষ্ঠী অথবা চিহ্ন উক্ত যৌগের সমস্যাটীর শ্রেণির পরিচয় বহন করে এবং সকল রাসায়নিক ধর্ম কার্বকরভাবে নিয়ন্ত্রণ করে তাকে যৌগটির কার্বকরী মূলক বা ক্রিয়াশীল মূলক বা ক্রিয়াদর্শী গ্রুপ বলে।

03. ইথানোয়িক অ্যানহাইড্রাইডের সংকেত কোনটি? [MAT. 2021-22]

- A. $\text{CH}_3\text{COO}-\text{COCH}_3$ B. $\text{CH}_3\text{CH}_2-\text{O}-\text{CH}_2\text{CH}_3$
C. $\text{CH}_3-\text{CO}-\text{CH}_2\text{CO}-\text{CH}_3$ D. $\text{CH}_3-\text{COO}-\text{COO}-\text{CH}_3$

Ans A Analysis অ্যানহাইড্রাইড মূলক \rightarrow $\begin{array}{c} \text{O} \quad \text{O} \\ \parallel \quad \parallel \\ \text{C}-\text{O}-\text{C} \end{array}$

- $\text{CH}_3\text{CH}_2-\text{O}-\text{CH}_2\text{CH}_3$: এটি একটি ইথার।
- $\text{CH}_3-\text{CO}-\text{CH}_2\text{CO}-\text{CH}_3$: এটি একটি কিটোন।
- $\text{CH}_3-\text{COO}-\text{COO}-\text{CH}_3$: এটি একটি এস্টার।

04. জৈব যৌগের নামকরণে অধিকার তালিকায় কোন মূলকটি অগ্রগণ্য?

- A. $-\text{COOH}$ B. $-\text{SO}_3\text{H}$ C. $-\text{CHO}$ D. $-\text{CONH}_2$ [DAT. 2021-22]

Ans A Analysis অপশনের কার্যকরী মূলকগুলোর অগ্রগণ্যতার সঠিক ক্রম: $-\text{COOH} > -\text{SO}_3\text{H} > -\text{CONH}_2 > -\text{CHO}$

05. অ্যালকিনের সংকেত কোনটি? [AFMC. 2021-22; CU-A, Set-4, 20-21]

- A. C_nH_{2n} B. $\text{C}_n\text{H}_{2n+2}$ C. $\text{C}_n\text{H}_{2n-2}$ D. C_nH_{n+2}

Ans A Analysis • অ্যালকেন: $\text{C}_n\text{H}_{2n+2}$ • অ্যালকিন: C_nH_{2n}
• অ্যালকাইন: $\text{C}_n\text{H}_{2n-2}$

06. নিচের কোনটির কার্যকরী মূলক সঠিক? [MAT. 2018-19]

- A. কিটোন- CO B. অ্যালকেন নাইট্রাইল- CONH_2
C. জৈব এসিড- COOR D. এস্টার- COOH **Ans A**

07. নিচের কোনটি কার্বক্সিলের কার্যকরী মূলক? [MAT. 2011-12, 2007-08]

- A. $-\text{OH}$ B. $-\text{OR}$
C. $-\text{NH}_2$ D. $-\text{COOH}$ **Ans D**

Q. HSC BOARD QUESTION

01. নাইট্রাইল মূলক কোনটি? [স. বো. ২০২৩, সি. বো. ২০২১]

- A. $-\text{NO}_2$ B. $-\text{NO}$ C. $-\text{CNO}$ D. $-\text{CN}$ **Ans D**

02. অ্যামাইডের কার্যকরী মূলক কোনটি? [স. বো. ২০২৩]

- A. $-\text{CNS}$ B. $-\text{CO}-\text{NH}-$
C. $-\text{NH}_2$ D. $-\text{CO}-\text{NH}_2$ **Ans D**

03. কোন সমগোত্রীয় শ্রেণির সাধারণ সংকেতে n এর সর্বনিম্ন মান 1 (এক) প্রযোজ্য? [স. বো. ২০২৩]

- A. অ্যালকোহল B. অ্যালডিহাইড C. ফ্যাটি এসিড D. অ্যামাইড **Ans A**

04. $-\text{CN}$ মূলকের নাম—

- i. সায়ানাইড মূলক ii. নাইট্রাইল মূলক iii. নাইট্রো মূলক
A. i ও ii B. ii, ও iii
C. i ও iii D. i, ii ও iii **Ans A**

05. কোনটি 2° অ্যালকোহলের কার্যকরী মূলক? [সি. বো. ২০২২, চ. বো. ২০২১]

- A. $\begin{array}{c} \text{O} \\ \parallel \\ \text{C}-\text{OH} \end{array}$ B. $-\text{CH}-\text{OH}$
C. $\begin{array}{c} | \\ \text{C}-\text{OH} \end{array}$ D. $-\text{CH}_2\text{OH}$ **Ans B**

06. মিথাইল কার্বিনল কোনটি? [স. বো. ২০২২]

- A. CH_3-OH B. HCHO
C. $\text{H}-\text{COOH}$ D. $\text{CH}_3-\text{CH}_2-\text{OH}$ **Ans D**

07. নিচের কোন যৌগে 'নাইট্রাইল' কার্যকরী মূলকটি বিদ্যমান? [সি. বো. ২০২২]

- A. CH_3NH_2 B. CCl_3NO_2
C. CH_3CN D. NH_4CNO **Ans C**

08. অ্যালকাইল মূলকের সাধারণ সংকেত কোনটি? [সি. বো. ২০২১]

- A. $\text{C}_n\text{H}_{2n+2}$ B. $\text{C}_n\text{H}_{2n+1}-$
C. C_nH_{2n} D. $\text{C}_n\text{H}_{2n-2}$ **Ans B**

09. কোনটিতে একই সাথে অ্যালকোহল ও এসিডের কার্যকরী মূলক বিদ্যমান। [সি. বো. ২০২১]

- A. অক্সালিক এসিড B. ল্যাকটিক এসিড
C. ম্যালিক এসিড D. ফিউমারিক এসিড **Ans B**

10. কোনটি 3° অ্যালকোহলের কার্যকরী মূলক? [সি. বো. ২০২১; স. বো. ২০২১]

- A. $\begin{array}{c} \text{O} \\ \parallel \\ \text{C}-\text{OH} \end{array}$ B. $\begin{array}{c} | \\ \text{C}-\text{OH} \end{array}$
C. $\begin{array}{c} | \\ \text{C}-\text{OH} \end{array}$ D. $-\text{CH}_2\text{OH}$ **Ans C**

11. কোনটি কার্বক্সিলিক এসিডে কার্যকরী মূলক? [সি. বো. ২০২১]

- A. $-\text{COOH}$ B. $-\text{CHO}$
C. $-\text{COOR}$ D. $-\text{CONH}_2$ **Ans A**

CONCEPT

04

জৈব যৌগের নামকরণ ও গাঠনিক সংকেত

ITEM-01 নামকরণের পদ্ধতিসমূহ-






পদ্ধতি	অপর নাম	তথ্য/উপাত্ত
সাধারণ পদ্ধতি	প্রচলিত বা Trivial	মোট কবিন সংখ্যাকে ধরে নামকরণ করা হয়
উদ্ভূত পদ্ধতি	জাতক (Derived)	এ পদ্ধতি প্রায় ব্যবহার হয় না বললেই চলে
IUPAC	জেনেভা পদ্ধতি	সর্বাধিক প্রচলিত পদ্ধতি

ITEM-02 পলিফাংশনাল গ্রুপবিশিষ্ট যৌগসমূহের নামকরণ:

ATV Super Tricks: IUPAC পদ্ধতিতে নাথারিং ও নামকরণের যাদুকরী বক্স:

পদ্ধতি	শাখা	অ্যালকাইন	অ্যালকিন	কার্যকরী মূলক
যৌগের নাথারিং	4 th	3 rd	2 nd	1 st
যৌগের নামকরণ	1 st	2 nd	3 rd	4 th

*** যাদুকরী বক্সের প্রয়োগ:



যাদুকরী বস্তুর ব্যতিক্রম নিয়ম (ইন-আইন যৌগের ক্ষেত্রে):





একই যৌগের অণুতে ইন (=) ও আইন (≡) উভয় কার্যকরী মূলকযুক্ত অ্যালকিন ও অ্যালকাইন থাকলে উভয় যৌগের নামের সাথে "ইন" বা "আইন" প্রত্যয়রূপে ব্যবহৃত হবে। ইংরেজী বর্ণমালা অনুযায়ী "ইন" প্রথমে এবং "আইন" পরে বসবে। এখানে যৌগটি "অ্যালকিনাইন" হিসেবে চিহ্নিত হয়ে অসম্পূর্ণ কার্বনকে সন্ধান্য সর্বনিম্ন সংখ্যা ধরে সংখ্যায়িত করতে হবে। তবে ইন ও আইন যদি সমান দূরত্বে থাকে তবে ইন কে প্রাধান্য দিয়ে আইনের মাধ্যমে নামকরণ শেষ হবে।

${}^7\text{CH}=\text{C}^6-\text{CH}_2^5-\text{CH}_2^4-\text{CH}^3=\text{CH}^2$ হেক্স-1-ইন-6-আইন হবে (কিন্তু হেক্স-6-ইন-1-আইন হবে না) তবে যৌগটির বি-বন্ধন যদি অসম দূরত্বে থাকে তাহলে ${}^8\text{CH}_3-\text{CH}^7=\text{CH}^6-\text{CH}_2^5-\text{CH}_2^4-\text{CH}^3-\text{C}^2\equiv\text{CH}^1$ এর বেলায় অক্ট-6-ইন-1-আইন হবে।

মনে রাখতে হবে ইন সক্রিয়তা সিরিজে উপরে থাকলেও দুটি একসঙ্গে থাকলে সর্বদাই আইনের নামে নামকরণ হবে (এটা ব্যতিক্রম)।

ITEM-03 জৈব যৌগসমূহের নামকরণে বন্ধন রেখা সংকেত:


- বন্ধন রেখা সংকেতের সাহায্যে শুধুমাত্র সংশ্লিষ্ট যৌগের কার্বন কাঠামোকে রেখার সাহায্যে উপস্থাপন করা হয়। এজন্য কিছু বিষয়কে প্রাধান্য দেয়া হয়:
- দুটি বা তিনটি বা চারটি রেখার সংযোগস্থল এবং কোন রেখার প্রান্ত একটি কার্বন পরমাণুকে বোঝায়।
- কার্বনের যোজ্যতা পূরণের জন্য উপযুক্ত সংখ্যক H-পরমাণু উপস্থিত আছে ধরে নেয়া হয় এবং তাদেরকে দেখানো হয় না।
- সংশ্লিষ্ট যৌগের সংকেতে কার্বন ও H-পরমাণু ছাড়া অন্যান্য পরমাণু যেমন: হ্যালাজেন, N, S ইত্যাদি পরমাণুকে দেখানো হয়।





ITEM-04 অ্যারোমেটিক যৌগসমূহের নামকরণ:

একক প্রতিস্থাপিত বেনজিন জাতকসমূহের নামকরণ


Rule-01: বেনজিনকে মূল ধরে সংশ্লিষ্ট একক প্রতিস্থাপিত বেনজিন জাতকটির নামকরণ "প্রতিস্থাপকটির নাম + বেনজিন" এরূপে করা হয়। এক্ষেত্রে প্রতিস্থাপকের নাম ও বেনজিন শব্দের মধ্যে কোন ফাঁকা রাখা যাবে না।



Rule-02: IUPAC পদ্ধতিতে কিছু কিছু একক প্রতিস্থাপিত বেনজিন জাতকের নামকরণ তাদের প্রচলিত নামে করা হয়।




Rule-03: একমাত্র টলুইন ছাড়া বেনজিন বলয়ের সাথে যদি অ্যালকাইল মূলকযুক্ত থাকে তবে এক্ষেত্রে নামকরণ "অ্যালকাইল মূলকের নাম + বেনজিন" এরূপে করা হয়।





দ্বি-প্রতিস্থাপিত বেনজিন জাতকসমূহের নামকরণ

Incorporated প্রতিস্থাপক বিশিষ্ট অ্যারোমেটিক যৌগ কি?


উত্তর: এমন অনেক একক প্রতিস্থাপিত বেনজিন জাতক রয়েছে যাদের প্রতিস্থাপকের নাম উল্লেখ ছাড়াই প্রচলিত নামে জুঁষিত করা হয়। এমতাবস্থায় সেই যৌগকে incorporated প্রতিস্থাপক বিশিষ্ট অ্যারোমেটিক যৌগ বলে। যেমন:






Rule-01: দ্বি-প্রতিস্থাপিত অ্যারোমেটিক যৌগসমূহের বেনজিন চক্রে যুক্ত প্রতিস্থাপকদ্বয়ের মধ্যে যদি একটি incorporated প্রতিস্থাপক হয় তবে প্রতিস্থাপকটিকে 1 ধরে এমনভাবে নামাঙ্ক করা হয় যেন দ্বিতীয় প্রতিস্থাপকটির অবস্থান নামার সর্বনিম্ন হয় এবং পরে "বেনজিন বলয়ে দ্বিতীয় প্রতিস্থাপকের অবস্থান নামারসহ নাম" incorporated প্রতিস্থাপক বিশিষ্ট বেনজিন বলয়ের নাম" এরূপে নামকরণ করা হয়।



Rule-02: যদি প্রতিস্থাপকদ্বয়ের উভয়ই অভিন্ন incorporated প্রতিস্থাপক হয় তবে এদের কোনটিকেই incorporated প্রতিস্থাপক ধরা হয় না। এরূপ ক্ষেত্রে এমনভাবে নামাঙ্ক করা হয় যেন 1ম ও 2য় প্রতিস্থাপকের পার্থক্য সর্বনিম্ন হয় এবং পরে "পরপর বেনজিন বলয়ে যুক্ত প্রতিস্থাপকদ্বয়ের অবস্থান নামার + ডাই + প্রতিস্থাপকের নাম + বেনজিন" এরূপে নামকরণ করা হয়।




Rule-03: যদি প্রতিস্থাপকদ্বয় উভয়ই ভিন্ন এবং কোনটিই incorporated প্রতিস্থাপক না হয় তবে বেনজিন বলয়ে যুক্ত বিভিন্ন মূলকের সক্রিয়তার ক্রম অনুযায়ী নামাঙ্ক করা হয় যেন 1ম থেকে 2য় প্রতিস্থাপকের অবস্থান সর্বনিম্ন হয় এবং পরে "ইংরেজি আদি অক্ষরের ভিত্তিতে প্রথমটির অবস্থান নামারসহ নাম + অবস্থান নাম + অবস্থান নামাঙ্ক সহ দ্বিতীয় প্রতিস্থাপকটির অবস্থান নামারসহ নাম + অবস্থান নামারসহ দ্বিতীয় প্রতিস্থাপকটির অবস্থান নামার ও নাম + বেনজিন" এরূপে নামকরণ করা হয়।
বেনজিন বলয়ে যুক্ত বিভিন্ন কার্যকরীমূলকের সক্রিয়তার ক্রম: $-\text{COOH} > -\text{SO}_3\text{H} > -\text{CONH}_2 > -\text{CHO} > -\text{CN} > -\text{CO}- > -\text{CH}_2\text{OH} > -\text{CH}_3 > -\text{OH} > -\text{NH}_2 > -\text{NO}_2 > \text{X} (\text{Br} > \text{Cl} > \text{F} > \text{I})$




ত্রি-প্রতিস্থাপিত বা পলি-প্রতিস্থাপিত বেনজিন জাতকসমূহের নামকরণ

Rule-01: বেনজিন বলয়ে তিনটি বা তার চেয়ে বেশি প্রতিস্থাপক গ্রুপ যুক্ত হলে সক্রিয়তার ক্রম অনুসারে অধিক সক্রিয় গ্রুপটি প্রধান প্রতিস্থাপক গ্রুপ হিসেবে ধরা হয়। প্রধান প্রতিস্থাপক সংযুক্ত বলয়ের কার্বন পরমাণুকে 1 সংখ্যা দ্বারা চিহ্নিত করা হয়। এক্ষেত্রেও সম্ভাব্য সর্বনিম্ন সংখ্যার নীতি অনুসরণ করা হয়। প্রধান প্রতিস্থাপক সংযুক্ত গ্রুপের নাম অনুযায়ী মূল যৌগের নামকরণ করা হয়।



Rule-02: বেনজিন বলয়ে তিনটি প্রতিস্থাপক অভিন্ন এবং কোনটিই incorporated প্রতিস্থাপক না হলে তাদের জন্য প্রথমে এমনভাবে নামাঙ্ক করা হয় যেন প্রতিস্থাপক গুলোর অবস্থান নামার এর যোগফল সর্বনিম্ন হয় ও অগ্রাধিকার ক্রমানুসারে প্রধান গ্রুপ নির্ণয় করা হয় এবং পরে "প্রধান প্রতিস্থাপক ছাড়া অন্য অন্য প্রতিস্থাপক গুলোর ইংরেজি আদি অক্ষরের ভিত্তিতে অবস্থান + প্রধান প্রতিস্থাপক বিশিষ্ট বেনজিন বলয়ের নাম" এরূপে নামকরণ করা হয়।



SAQ Short Ans. Questions





WRITTEN SUGGESTION

BAQ Broad Ans. Questions



প্রশ্ন-০১ : নিম্নবর্ণিত যৌগগুলির পূর্ণ গাঠনিক সংকেত লিখ:

[JnU. 2018-19, RUET. 2010-11]





- (i) সাইক্লোহেক্সানোন (ii) 2-পেন্টিন-3-অল (iii) pent-3-en-1-yne (iv) 3-methyl butanol-2



প্রশ্ন-০১: নিম্নলিখিত আণবিক সংকেতগুলোর রাসায়নিক নাম লিখ:




[CUET. 2007-08, RUET. 2005-06, BUTex. 2003-04, 2000-01]



উত্তর: (i) পেন্ট-1-আইন-3-ওন।
(iv) 2-মিথাইল পেন্টিন-2

(ii) 2-ব্রোমো-4-মিথাইল পেন্টানোয়িক এসিড
(v) বিউট-3-ইন-2-ওন

প্রশ্ন-০২: নিচের ছকের ইথারসমূহের নাম IUPAC ও ট্রিভিয়াল পদ্ধতিতে লিখ:



ইথার	IUPAC	ট্রিভিয়াল
$\text{CH}_3-\text{O}-\text{CH}_3$	মিথোক্সি মিথেন	ডাই মিথাইল ইথার
$\text{CH}_3-\text{O}-\text{C}_2\text{H}_5$	মিথোক্সি ইথেন	ইথাইল মিথাইল ইথার
$\text{C}_2\text{H}_5-\text{O}-\text{C}_2\text{H}_5$	ইথোক্সি ইথেন	ডাই ইথাইল ইথার
$\text{CH}_3-\text{O}-\text{C}_3\text{H}_7$	মিথোক্সি প্রোপেন	মিথাইল প্রোপাইল ইথার

[RUET. 2005-06, 2003-04]

REAL TEST


ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS

[অ্যালকেন]

১১. $\text{CH}_3-\text{CH}_2\text{CH}(\text{CH}_3)-\text{CH}(\text{NH}_2)-\text{CH}_3$ যৌগটির IUPAC নাম-

- A. 3-মিথাইল-4-অ্যামিনোপেন্টেন B. 2-অ্যামিনো-3-মিথাইল পেন্টেন
C. 2-মিথাইল-3-অ্যামিনো পেন্টেন D. 4-অ্যামিনো-3-মিথাইল পেন্টেন

[JU-A, Set-N: 2022-23]




IUPAC নাম: 2-অ্যামিনো-3-মিথাইলপেন্টেন

বিদ্র.: নামারিং এর ক্ষেত্রে কাছাকাছি শাখাকে প্রাধান্য দিতে হবে অর্থাৎ, যেদিক থেকে শাখার অবস্থানের যোগফল কাছাকাছি সেদিক থেকে নামারিং করতে হবে।

১২. $\text{CH}_3-\text{CH}_2\text{CH}(\text{CH}_3)-(\text{CH}_2\text{CH}_3)_2$ যৌগটির IUPAC নাম-

- A. 2,2-ডাইইথাইল বিউটেন B. 3-মিথাইল-3-ইথাইল পেন্টেন
C. 3-ইথাইল-3-মিথাইল পেন্টেন D. 1,1,1-ট্রাই ইথাইল ইথেন

[JU-A, Set-S: 2022-23]




IUPAC নাম: 3-ইথাইল-3-মিথাইলপেন্টেন

বিদ্র.: প্রশ্নে ভুল আছে। সঠিক গঠন এর 3নং কার্বনের সাথে H হবে না।

১৩. $(\text{CH}_3)_4\text{C}$ এর IUPAC নাম কোনটি?

- A. টেট্রামিথাইল মিথেন B. neo-পেন্টেন
C. 2-মিথাইল বিউটেন D. 2,2-ডাইমিথাইল প্রোপেন


[DU 7 Clg-A: 2022-23, CU-A: 13-14, JU-D: 09-10]



১৪. IUPAC পদ্ধতিতে $(\text{CH}_3)_3\text{CCH}_2\text{CH}(\text{CH}_3)_2$ যৌগটির নাম কি?


- A. 2,2,4-trimethyl pentane B. iso-pentane
C. 2,4,4-trimethyl pentane D. iso-octane
E. 4,4,2-trimethyl pentane

[CKRUET. 2021-22, DU, 13-14, MBSTU: 11-12]




2,2,4-trimethyl pentane

০৫. নিম্নের গঠনটির সঠিক IUPAC নাম কি? [RU-C, Neptune-2, Set-I. 2021-22]



- A. 5-মিথাইল-5-প্রোপাইল-হেক্সেন B. 5-মিথাইল-5-প্রোপাইল-অকটেন
C. 4-ইথাইল-4-মিথাইল-অকটেন D. 3-মিথাইল-3-প্রোপাইল-অকটেন




4-ইথাইল-4-মিথাইলঅকটেন

০৬. $\text{CH}_3\text{CH}(\text{CH}_3)-\text{C}(\text{CH}_3)_2\text{CH}_2\text{CH}_3$ যৌগটির IUPAC নাম কোনটি?

- A. 2,3,3-ট্রাইমিথাইল পেন্টেন B. 3,3,4-ট্রাইমিথাইল পেন্টেন
C. 3,3-ডাইমিথাইল হেক্সেন D. 3-মিথাইল-2,3 ডাইমিথাইল বিউটেন

[CU-A, Set-3. 20-21]




[2,3,3-ট্রাইমিথাইল পেন্টেন]

০৭. $\text{CH}_3-\text{CH}(\text{C}_2\text{H}_5)-\text{C}(\text{CH}_3)_3$ যৌগটির নাম কি?

- A. 2, 2, 4-ট্রাইমিথাইল হেক্সেন B. 2-মিথাইল-4-tert-বিউটাইল পেন্টেন
C. 2-ইথাইল-1, 4, 4-ট্রাইমিথাইল পেন্টেন D. 1-tert-বিউটাইল 2-মিথাইল বিউটেন
E. 1-ট্রাইমিথাইল-3-মিথাইল বিউটেন


[CU. 2014-15; DU.2013-14, 2008-09]




(2,2,4-ট্রাইমিথাইল হেক্সেন)

০৮. IUPAC পদ্ধতি অনুযায়ী নিচের যৌগটির নাম-

[DU. 2005-06]




- A. 2-Methyl-4-Propyle hexane B. 2-n-propyl-4-methyl hexane
C. 4-Ethyl-6-methyl heptane D. 4-Ethyl-2-methyl heptane




IUPAC Name: 4-Ethyl-2-methyl heptane

04. IUPAC পদ্ধতিতে নিচের যৌগটির নাম কি?

[SUST-B, 2014-15]




- A. 2-ইথাইল-6-মিথাইল-3-হেক্সিন
B. 3,7-ডাইমিথাইল-5-অক্টিন
C. 2,6-ডাইমিথাইল-4-অক্টিন
D. 2,6-ডাইমিথাইল-4-হেক্সিন
E. 2,6-ডাইমিথাইল-3-অক্টিন



05. $\text{CH}_3-\text{CH}=\text{C}=\text{CH}_2$ এর নাম কি?

[JnU, 2014-15, RU, 2011-12, JUST-B: 19-20]


- A. Butane
B. 1, 2-Butadiene
C. Butene
D. Dibutene




06. IUPAC পদ্ধতিতে $\text{CH}_2=\text{CHCH}(\text{CH}_3)\text{CH}_2\text{CH}_3$ এর নামকরণ কর।

[JnU, 2013-14]


- A. 3-methyl-1-pentene
B. 3-methyl-4-pentene
C. 3-ethyl-1-butene
D. 3-ethyl-3-butene



07. IUPAC পদ্ধতি অনুযায়ী নিচের যৌগটির নাম? [BUET: 2009-10; BRUR-D-2014-15]



- A. 2,3- diethylpentene-1
B. 3,4- diethylpentene-4
C. 3,3- diethylpentene-1
D. 2- ethyl-methyl butene-1




IUPAC পদ্ধতিতে নাম-2,3 Diethylpentene-1

08. এলাইল আয়োডাইডের সংকেত নির্দেশ কর- [DU, 2009-2010]


- A. $\text{CH}_3-\text{CH}=\text{CH}_2\text{I}$
B. $\text{CH}_2=\text{CH}-\text{CH}_2\text{I}$
C. $\text{CH}_2\equiv\text{CH}-\text{CH}_2\text{I}$
D. $\text{CH}_3\text{I}-\text{CHI}-\text{CH}_3$

Ans B Analysis একটি কার্বন কার্বন দ্বিবন্ধনযুক্ত তিন কার্বন বিশিষ্ট মূলক কে অ্যালাইল মূলক বলে। যার সংকেত $\text{CH}_2=\text{CH}-\text{CH}_2-$ অর্থাৎ এলাইল আয়োডাইডের সংকেত $\text{CH}_2=\text{CH}-\text{CH}_2\text{I}$

09. IUPAC পদ্ধতিতে যৌগটির নাম- [DU, 2000-01]



- A. 1-ethyl-2-butene
B. 3-methyl-2-pentene
C. 3-methyl-3-pentene
D. 3-ethyl-2-butene




IUPAC পদ্ধতিতে নাম-3-methyl-2-pentene

[অ্যালকাইন]


01. $\text{CH}_3-\text{CH}_2-\text{CH}=\text{CH}-\text{C}\equiv\text{CH}$ এর IUPAC নাম কী? [GST, Set-4: 2022-23]

- A. হেক্স-৩-ইন-১-আইন
B. হেক্স-১-আইন-৩-ইন
C. হেক্সিন-১-আইন
D. ১-হেক্সিনাইন


Ans A Analysis একই যৌগের অনুরূপে ইন (=) ও আইন (≡) উভয় কার্যকরী মূলকযুক্ত অ্যালকিন ও অ্যালকাইন থাকলে উভয় যৌগের নামের সাথে "ইন" বা "আইন" প্রত্যয়রূপে ব্যবহার হবে। ইংরেজি বর্ণমালা অনুযায়ী "ইন" প্রথমে এবং "আইন" পরে বসবে। এখানে যৌগটি "অ্যালকিনাইন" হিসেবে চিহ্নিত হয়ে অসম্পূর্ণ কার্বনকে সম্ভাব্য সর্বনিম্ন সংখ্যা ধরে সংখ্যাযুক্ত করতে হবে। তবে "ইন" ও "আইন" যদি সমান দূরত্বে থাকে তবে "ইন" কে প্রাধান্য দিয়ে আইনের মাধ্যমে নামকরণ শেষ করতে হবে। মনে রাখতে হবে, "ইন" সক্রিয়তা সিরিজে উপরে থাকলেও দুটি একসাথে থাকলে সর্বদাই "আইনের" নামে নামকরণ হবে (এটা ব্যতিক্রম)।



02. নিচের যৌগটির IUPAC নাম কি? [RU-C, Urenus, Set-3, 2021-22]




- A. 2,6-ডাই-ইথাইল-3-নোনাইন
B. 2,5-ডাই-ইথাইল-3-নোনাইন
C. 3,7-ডাই-মিথাইল-5-নোনাইন
D. 3,7-ডাই-মিথাইল-4-নোনাইন




03. $\text{CH}\equiv\text{C}-\text{CH}=\text{CH}-\text{CH}_3$ যৌগটির IUPAC নাম কী? [DU, 7Clg-A, 2021-22]

- A. Pent-3-en-1-yne
B. Pent-2-en-4-yne
C. 1,3-pentaene
D. 2,4-pentyne



04. $\text{CH}_3-\text{CH}_2-\text{C}(\text{CH}_3)_2-\text{C}\equiv\text{C}-\text{CH}_3$ যৌগটির IUPAC নাম কোনটি? [RU, Astrazeneca, Set-1, 2020-21]


- A. 1,3-ডাইমিথাইল পেন্টাইন
B. 1,3,3-ট্রাইমিথাইল পেন্টিন
C. 4,4-ডাইমিথাইল-2-হেক্সাইন
D. 4-ইথাইল-2-হেক্সাইন



4,4-ডাইমিথাইল-2-হেক্সাইন


05. IUPAC পদ্ধতিতে $\text{CH}_3-\text{CH}(\text{CH}_3)-\text{C}\equiv\text{CH}$ যৌগটির নাম কি? [HSTU-B, 2016-17]

- A. বিউটাইন-1
B. 3-মিথাইল বিউটাইন-1
C. বিউটিন-1
D. 3-মিথাইল প্রোপাইন-1




[অ্যালকোহল]

01. IUPAC নিয়মানুসারে নিচের যৌগটির নাম কি? [JU-D, Set-H: 2022-23, CU-A, Set-1: 2020-21]




- A. 2-মিথাইল-2-প্রোপিন-1-অল
B. মিথাইল ভিনাইল প্রোপানল
C. অ্যালকাইল অ্যালকোহল
D. 2-মিথাইল-1-প্রোপিন-3-অল



□ সমাপুতা থেকে তিন ভাবে প্রশ্ন আসে:

- (i) শ্রেণীবিন্যাস থেকে উদাহরণ (ii) জ্যামিতিক ও আলোক সমাপুতার শর্ত (iii) সমাপুতার সংখ্যা নির্ণয়।

☞ ITEM-01 সমাপুতার শ্রেণীবিন্যাস:



■ সমাপুতা মূলত দুই প্রকার। যথা- A. গাঠনিক সমাপুতা B. স্টেরিও বা ত্রি-মাত্রিক সমাপুতা।

□ A. গাঠনিক সমাপুতা মনে রাখার সহজ উপায় : শিতলের কার্যকলাপে মোটা টিটু অসহায়-


গাঠনিক সমাপুতা ৫ প্রকার	শিতলের ↓ শিকল বা চেইন সমাপুতা	কার্যকলাপে ↓ কার্যকরী মূলক সমাপুতা	অসহায় ↓ অবস্থান সমাপুতা	টিটু ↓ টটোমারিজম	মোটা ↓ মেটামারিজম
যে কারণে হয়	কার্বন শিকলের ভিন্নতার কারণে হয়	কার্যকরী মূলক ভিন্নতার কারণে	কার্যকরী মূলকের অবস্থান ভিন্নতার কারণে	কার্যকরী মূলক পরিবর্তনশীলতার কারণে	কার্বন সংখ্যার অসামঞ্জস্যতার কারণে
উদাহরণ	$\text{CH}_3\text{CH}_2\text{CH}_2\text{CH}_3$ এবং $\text{CH}_3-\text{CH}-\text{CH}_3$ CH_3	$\text{CH}_3\text{CH}_2\text{OH}$ এবং CH_3OCH_3	$\text{CH}_3\text{CH}_2\text{CH}_2\text{OH}$ এবং $\text{CH}_3-\text{CH}-\text{CH}_3$ OH	$\text{CH}_3-\overset{\text{O}}{\parallel}{\text{C}}-\text{CH}_3$ এবং $\text{CH}_3-\overset{\text{OH}}{\text{C}}=\text{CH}_2$	মেটামারিজমে কার্বন সংখ্যা ন্যূনতম 4 হবে- $\text{CH}_3-\text{O}-\text{C}_3\text{H}_7$ এবং $\text{C}_2\text{H}_5-\text{O}-\text{C}_2\text{H}_5$

□ টটোমারিজম সমাপুতা যারা দেয়:


টটোমারিক যৌগ	কিটো গঠন	ইনল গঠন
ইথান্যাল	$\text{CH}_3-\overset{\text{H}}{\text{C}}=\text{O}$	$\text{CH}_2-\overset{\text{H}}{\text{C}}=\text{OH}$
প্রোপানোন	$\text{CH}_3-\overset{\text{O}}{\parallel}{\text{C}}-\text{CH}_3$	$\text{CH}_2=\overset{\text{OH}}{\text{C}}-\text{CH}_3$
অ্যাসিটোঅ্যাসিটিক এস্টার	$\text{CH}_3-\overset{\text{O}}{\parallel}{\text{C}}-\text{CH}_2-\text{COOC}_2\text{H}_5$	$\text{CH}_3-\overset{\text{OH}}{\text{C}}=\text{CH}-\text{COOC}_2\text{H}_5$

□ দুটি টটোমার যৌগের মধ্যে গঠন কাঠামোর স্থায়িত্বের পার্থক্য দেখা যায়। যেটি অধিক পরিমাণে সুস্থিত তাকে স্থায়ী (stable) গঠন এবং অন্যটিকে অস্থায়ী (unstable) গঠন হিসেবে ধরা হয়। কিটো গঠনটি অপেক্ষাকৃতভাবে অধিক স্থায়ী এবং ইনোল গঠনটি অপেক্ষাকৃতভাবে কম স্থায়ী। কিটো-ইনোল টটোমারিজম কিটো ও ইনোলের পারস্পরিক পরিবর্তন একটি প্রোটনের (H^+) স্থান পরিবর্তনের মাধ্যমে ঘটে থাকে। প্রোটনঘটিত কয়েকটি উদাহরণ উল্লেখ করা হলো।

- ইমিন-অ্যামিন টটোমারিজম: $\text{CH}_3-\text{CH}_2-\text{CH}=\text{NH} \rightleftharpoons \text{CH}_3-\text{CH}=\text{CH}-\text{NH}_2$
(প্রোপান ইমিন (ইমিন গঠন)) (প্রোপ-1-ইন-1-অ্যামিন (অ্যামিন গঠন))
- নাইট্রোসো-অক্সিমিনো টটোমারিজম: $\text{CH}_3-\text{CH}_2-\text{N}=\text{O} \rightleftharpoons \text{CH}_3-\text{CH}=\text{N}-\text{OH}$
(নাইট্রোসোইথেন (নাইট্রোসো গঠন)) (ইথান্যাল অক্সিম (অক্সিমিনো গঠন))
- ডায়াজো-নাইট্রোসো অ্যামিন টটোমারিজম: $\text{C}_6\text{H}_5-\text{N}=\text{N}-\text{OH} \rightleftharpoons \text{C}_6\text{H}_5-\text{NH}-\text{N}=\text{O}$
(ডায়াজো গঠন) (নাইট্রোসোঅ্যামিন গঠন)



অ্যাসিটোফিনোন ও 1-ফিনাইলইথিন-1-অল যৌগ দুটির মধ্যে কিটো-ইনল টটোমারিজম:



[বি.দ্র.: বেনজোফেনোন ($C_6H_5-CO-C_6H_5$) কিটো-ইনোল টটোমারিতা দেয় না।]

টটোমারিজমের প্রয়োজনীয় শর্ত:

- যৌগের অণুর মধ্যে অবশ্যই একটি তড়িৎ ঋণাত্মক পরমাণু যেমন O, N অথবা S দ্বি-বন্ধন অথবা ত্রি-বন্ধনের মাধ্যমে আবদ্ধ থাকতে হয়।
- উদাহরণস্বরূপ: $C=O$, $C=N$, $N=O$, $C=NH$ ইত্যাদি গঠন কাঠামোর উপস্থিতি থাকতে হয়।
- যৌগের অণুতে অন্ততপক্ষে কম করে হলেও একটি α -H পরমাণুর উপস্থিতি থাকতে হয়। কার্বনিল যৌগে উপস্থিত α -H পরমাণু কার্বনিল গ্রুপের অক্সিজেন পরমাণুতে স্থানান্তরিত হয়ে কিটোনিক গ্রুপকে ইনোলিক গ্রুপে পরিবর্তিত করতে হবে। ফলে এসব যৌগের ক্ষেত্রে টটোমারিজম সম্ভবপর হয়।
- যৌগের অণুতে উপস্থিত α -H পরমাণুটি বন্ধন ইলেকট্রনকে দান করে নিজে প্রোটন (H^+) হিসেবে তড়িৎঋণাত্মক সৌল অক্সিজেন পরমাণুর সাথে যুক্ত হয়। $C-H$ বন্ধনের ইলেকট্রনদ্বয় কার্বনিল কার্বন ও α -কার্বনের মধ্যে পাই (π) বন্ধন গঠন করে স্থায়ী গঠন কাঠামো প্রাপ্ত হয়। এজন্য কিটো সমাণু ইনল সমাণু অপেক্ষা অধিক স্থায়ী হয়।

টটোমারিজমের বৈশিষ্ট্য:

- জৈব অণুতে উপস্থিত দুটি বহুযোজী পরমাণুর মধ্যে α -H পরমাণুর বিনিময় ঘটে এবং এটি উভমুখী আন্তঃআণবিক পরিবর্তন।
- দুটি টটোমারিক যৌগের গঠনের স্থায়িত্বে পার্থক্য দেখা যায়। যেটি অধিক সুস্থিত তাকে স্থায়ী গঠন এবং অপরটিকে অস্থায়ী গঠন হিসেবে ধরা হয়। সাধারণত কিটো সমাণু অধিকতর স্থায়ী এবং ইনল সমাণু কম স্থায়ী হয়।
- টটোমারিক সমাণু যৌগকে বিশেষ প্রক্রিয়ার সাহায্যে পৃথক করা যায়।
- মৃদু এসিড বা মৃদু ক্ষার দ্রবণ টটোমারিজমকে প্রভাবিত করে।


টটোমারিজম করা দেয়: Enrique knows 3A's House- [সহজে মনে রাখবে ষিয়োজী কার্যকরী মূলক]

দ্বি-বন্ধনযুক্ত যৌগ	Enrique ↓ Ether	knows ↓ Ketone	3A's → A	A	A
			↓	↓	↓
			Acetone	2° Amine	Acid anhydride


B. স্টেরিও সমাণুতা: স্টেরিও সমাণুতা দুই প্রকার। যথা- (i) জ্যামিতিক সমাণুতা ও (ii) আলোক সক্রিয় সমাণুতা।

THE-01 জ্যামিতিক বা Cis-trans সমাণুতা চেনার উপায়ঃ-



ছন্দে ছন্দে জ্যামিতিক সমাণুতা	বাক্যে বাক্যে জ্যামিতিক সমাণুতা	সহজে চেনার উপায়
দুই বন্ধন যুক্ত নয় চক্রকারে চলে সিস-ট্রান্স হওয়ার জন্য তিনটি শর্ত বলে একই মূলক থাকবে না same কার্বনের সাথে দ্বি-বন্ধন যুক্ত হলেই সিস-ট্রান্স হয় তাতে।	(i) দ্বি-বন্ধন যুক্ত বা চাক্রিক যৌগ (ii) মুক্ত আবর্তন হবে না (iii) তিনটি সমীকরণ- Cab=Cab, Cab = Cad বা Cab = Cde	• কার্বন-কার্বন দ্বিবন্ধন থাকতে হবে অথবা বন্ধ শিকল যৌগ হতে হবে। • দ্বি-বন্ধনযুক্ত কার্বনের কার্যকরী মূলক কখনও একই হতে পারবে না, অর্থাৎ দ্বি-বন্ধনযুক্ত কার্বনের সাথে একই জাতীয় মূলকের পুনঃরাবৃত্তি হবে না।



দুটি মূলক একই হলে সমাণুতা গঠন করবে না



গুণমাত্র দ্বি-বন্ধন যুক্ত কার্বনের সাথে ভিন্ন মূলক থাকলেই জ্যামিতিক সমাণুতা দিবে



কয়েকটি প্রচলিত জ্যামিতিক সমাণুতার উদাহরণ:

উদাহরণ	জ্যামিতিক সমাণুতা	কারণ	যে সালে এসেছে
$CH_2 = CHCH_2CH_3$	দিবে না	দ্বি-বন্ধনযুক্ত কার্বনের সাথে হাইড্রোজেন ডাবল বা রিপিট	[DU: 2019-20]
$CH_3CH = CHCH_3$	দিবে	দ্বি-বন্ধনযুক্ত কার্বনের সাথে কোন (একই রকম) রিপিট নাই	
$(CH_3)_2C = CHCH_3$	দিবে না	দ্বি-বন্ধনযুক্ত কার্বনের সাথে মিথাইল ডাবল বা রিপিট	[JU-D, Set-C: 2018-19]
$(CH_3)_2C = CH_2$	দিবে না	দ্বি-বন্ধনযুক্ত হাইড্রোজেন ও মিথাইলমূলক ডাবল বা রিপিট	[DU. 11-12; JU.2011-12; [DU. 2008-09; DU.2001-02; CU.2006-07]
$CH_3CH = C(Cl)Br$	দিবে	দ্বি-বন্ধনযুক্ত কার্বনের সাথে কোনো রিপিট নাই	
$CH_3C(Cl) = CBr_2$	দিবে না	দ্বি-বন্ধনযুক্ত কার্বনের সাথে ব্রোমিন ডাবল বা রিপিট	
$CH_3 - CH = CH - C_2H_5$	দিবে	দ্বি-বন্ধনযুক্ত কার্বনের সাথে কোনো রিপিট নাই	[DU. 2010-11, JnU. 2014-15]
$C_6H_5 - CH = CHCHOHCOOH$	দিবে	দ্বি-বন্ধনযুক্ত কার্বনের সাথে কোনো রিপিট নাই	[JU. 2009-2010]
$H_3CCH=CHCl$	দিবে	দ্বি-বন্ধনযুক্ত কার্বনের সাথে কোনো রিপিট নাই	
$ClCH=CHBr$	দিবে	দ্বি-বন্ধনযুক্ত কার্বনের সাথে কোনো রিপিট নাই	
$CH_2 = CH_2$	দিবে না	দ্বি-বন্ধনযুক্ত কার্বনের সাথে হাইড্রোজেন ডাবল বা রিপিট	[DU: 22-23 IU-A.2017-18; JU.A.2017-18; HSTU.2017-18]
$ClCH = CHCl$	দিবে	দ্বি-বন্ধনযুক্ত কার্বনের সাথে কোনো রিপিট নাই	

- **সিস-ট্রান্স এসেস:** **Case-01** সদৃশ পরমাণু বা মূলক বি-বন্ধনযুক্ত কার্বনদ্বয়ের একই দিকে থাকলে সিস এবং বিপরীত দিকে থাকলে ট্রান্স সমাণু হয়।
Case-02 যদি সদৃশ পরমাণু বা মূলক না থাকে সে ক্ষেত্রে পারমাণবিক ভর বা আণবিক ভরের উপর ভিত্তি করে বেশি পারমাণবিক বা আণবিক ভরবহন (High) একই পাশে থাকলে সিস এবং ভিন্ন পাশে থাকলে ট্রান্স সমাণু হয়। একে E-Z সমাণু বলা যায়।



- নিচের কোন যৌগটি Cis-সমাণু আর কোনটি trans- সমাণু



মনে হতে পারে (a) যৌগটি Cis-সমাণু যেহেতু CH₃ গ্রুপ কাছাকাছি অবস্থান করছে। চক্রিক যৌগের ক্ষেত্রে এরূপ বিভ্রান্তি দূর করার জন্য বন্ধনযুক্ত পরমাণু বা গ্রুপ তাকে Upper Bond (U.B) ও Lower Bond (L.B) হিসাবে চিহ্নিত করা যেতে পারে।




যদি একই গ্রুপ দুইটি U.B হিসাবে বা L.B হিসাবে থাকে, তবে সেটি Cis-সমাণু। অন্যথায় সেটি trans-সমাণু।
 (b) যৌগটিতে দুইটি-CH₃ গ্রুপ U.B অবস্থানে রয়েছে সেটি Cis-সমাণু। (a) যৌগ একটি CH₃ গ্রুপ U.B অবস্থানে ও আরেকটি L.B অবস্থানে রয়েছে সেটি trans-সমাণু।

- **Cis-Trans এর পার্থক্য:** **AHA TRICKS** তমার গড়ের ফুটানি সুন্দর বেশি, সীমার ড্রাণের দাপট বেশি।

তমার ↓ Trans-সমাণু	গড়ের ↓ গলনাঙ্ক	ফুটানি ↓ ফুটনাঙ্ক	সুন্দর ↓ সুস্থিতি	বেশি ↓ বেশি	সীমার ↓ Cis-সমাণু	ড্রাণের ↓ ঘনত্ব	দা ↓ দ্রাব্যতা	পট ↓ পোলারিটি	বেশি ↓ বেশি
--------------------------	-----------------------	-------------------------	-------------------------	-------------------	-------------------------	-----------------------	----------------------	---------------------	-------------------

- **এক নাম্বারে গঠন খবর:** • ট্রান্স সমাণুর ডাইপোল মোমেন্ট শূন্য হলেও সিস সমাণুর ডাইপোল মোমেন্ট শূন্য নয়।
 যেমন: ট্রান্স-1, 2-ডাইক্লোরো ইথিন এর ডাইপোল মোমেন্ট শূন্য এবং সিস-1, 2-ডাইক্লোরো ইথিন এর ডাইপোল মোমেন্ট 1.850।
 • ম্যাক্রোলিক এসিডের গলনাঙ্ক ও ফুটনাঙ্ক যথাক্রমে 135°C ও 202°C এবং ফিউমারিক এসিডের গলনাঙ্ক ও ফুটনাঙ্ক যথাক্রমে 187°C ও 522°C।
 • সিস-বিটট-2-ইন ও ট্রান্স বিটট-2-ইন উভয় গঠন কাঠামোর যৌগকে ক্ষারীয় পটাশিয়াম পারম্যাঙ্গানেট দ্বারা জারিত করলে বিটটান-2, 3-ডাইঅল উৎপন্ন হয়।



TYPE-02 আলোক সক্রিয় সমাণুতা (Optical Isomerism):


- আলোক সক্রিয় সমাণু হওয়ার বৈশিষ্ট্যসমূহ-
 i. অপ্রতিসম কার্বন পরমাণু বা কাইরাল কার্বন থাকতে হবে। যে কার্বনের চার হাতে চারটি ভিন্ন ভিন্ন পরমাণু বা কার্যকরী মূলক যুক্ত থাকে তাকে কাইরাল কার্বন বলে।
 ii. উভয় সমাণুর কনফিগারেশন পরস্পরের দর্পণ প্রতিবিম্ব হয়।
 iii. উভয় কনফিগারেশন পরস্পরের উপর অসমাপতিত হবে।

□ **আলোক সক্রিয় সমাণুর ধর্ম:**

- ☑ **এনানসিওমার (Enantiomers):** একই যৌগের আলোক সক্রিয় দুই সমাণুকে পরস্পরের এনানসিওমারফ বা এনানসিওমার বলা হয়। এদেরকে অ্যাক্টিমার বা অ্যাক্টিপাভও বলা হয়।

- দুটি এনানসিওমার সমাণুর চৌত ও রাসায়নিক ধর্ম একই থাকে তবে এক সমতলীয় আলোতে আলোক সক্রিয়তা মাত্রায় সমান আবর্তন প্রদর্শন করলেও আবর্তনের দিক ভিন্ন হয়।
- আলোক সক্রিয়তায় একটি হয় দক্ষিণাবর্ত (d) এবং অপরটি হয় বামাবর্ত (l)। যেমন: d ল্যাকটিক এসিড ও l ল্যাকটিক এসিড হলো পরস্পরের দুটি এনানসিওমার।

- ☑ **রেসিমিক মিশ্রণ-** d ও l সমাণুর সমআণবিক মিশ্রণ আলোক নিষ্ক্রিয় হয়, দুটি এনানসিওমারের এরূপ সমআণবিক মিশ্রণকে রেসিমিক মিশ্রণ বা d/l মিশ্রণ বা (±) মিশ্রণ বলে এবং প্রক্রিয়াক্রমে রেসিমিকরণ বলে। রেসিমিক মিশ্রণ আলোক নিষ্ক্রিয়।




CHEMISTRY PLUS

আলোক সক্রিয় সমাণুর সংখ্যা নির্ণয়:

শর্ত-১: দুটি ভিন্ন অপ্রতিসম কার্বন পরমাণুযুক্ত যৌগে আলোক সক্রিয় সমাণু নির্ণয়ের সূত্র: (2^n) [এখানে n = কাইরাল কার্বনের সংখ্যা]
 মেসো গঠন: এক্ষেত্রে কোনো মেসো গঠন সম্ভব হয় না।

উদাহরণ: ল্যাকটিক এসিড। এখানে $n = 1$ অর্থাৎ, আলোক সক্রিয় সমাণু: $2^1 = 2$ টি।



• $\text{CH}_2-\text{CH}(\text{NH}_2)-\text{COOH}$ এ যৌগটিতে 1টি অপ্রতিসম কার্বন পরমাণু বর্তমান। এর আলোকে ভাগ করা সমাণুর সংখ্যা, $2^n = 2^1 = 2$ । এক্ষেত্রে কোনো মেসো গঠন সম্ভব নয়।

$\text{CH}_2-\text{CHBr}-\text{CHBr}-\text{COOH}$ (2, 3-ডাইব্রোমোবিউটানোয়িক এসিড)-এ যৌগটিতে 2টি ভিন্ন অপ্রতিসম কার্বন পরমাণু বর্তমান। এর আলোকে সক্রিয় সমাণুর সংখ্যা, $2^n = 2^2 = 4$ । এক্ষেত্রে কোনো মেসো গঠন সম্ভব নয়।

শর্ত-২: অণুটিতে n সংখ্যক অপ্রতিসম কার্বন পরমাণু বর্তমান এবং অণুটিতে এমন দুটি অংশে ভাগ করা যায় যে একটি অংশ অপর অংশের দর্পণ প্রতিবিম্ব হয়। অবশ্যই, এক্ষেত্রে n কেবলমাত্র জোড় স্বাভাবিক সংখ্যা সেক্ষেত্রে আলোক সক্রিয় সমাণুর সংখ্যা, $2^{(n-1)}$; n জোড় সংখ্যা।
 মেসো গঠন: মেসো গঠনের সংখ্যা, $2^{\left(\frac{n-2}{2}\right)}$; n জোড় সংখ্যা।

উদাহরণ: $\text{CH}_3-\text{CHCl}-\text{CHCl}-\text{CH}_3$ (2,3-ডাইক্লোরো বিউটেন) এ যৌগটিতে 2টি অপ্রতিসম কার্বন পরমাণু বর্তমান এবং অণুটিকে এভাবে ভাগ করা যায় না যে একটি অংশ অপর অংশের দর্পণ প্রতিবিম্ব হয়।

আলোক সক্রিয় সমাণুতা: আলোকে সক্রিয় সমাণুর সংখ্যা, $2^{(n-1)} = 2^{2-1} = 2$; মেসো গঠন $2^{\frac{n-2}{2}} = 2^{\frac{2-2}{2}} = 2^0 = 1$ ।

শর্ত-৩: অণুতে n সংখ্যক অপ্রতিসম কার্বন পরমাণু বর্তমান এবং অণুটিকে এমনভাবে দ্বিখণ্ডিত করা যায় যে, একটি অংশ অপর অংশের উপর দর্পণ প্রতিবিম্ব হয়। অবশ্যই, এক্ষেত্রে n কেবলমাত্র বিজোড় সংখ্যা সেক্ষেত্রে আলোক সক্রিয় সমাণুতা নির্ণয়:
 আলোক সক্রিয় সমাণুর সংখ্যা $= 2^{n-1} - 2^{\left(\frac{n-1}{2}\right)}$ । মেসো সমাণু গঠন: মেসো গঠনের সংখ্যা, $2^{\left(\frac{n-1}{2}\right)} = 2^{\left(\frac{3-1}{2}\right)} = 2$ টি

উদাহরণ: $\text{CH}_3-\text{CH}(\text{OH})-\text{CHCl}-\text{CH}(\text{OH})-\text{CH}_3$ (ক্রোরোপেন্ট-2, 4-ডাইঅল) এ যৌগটিতে 3টি অপ্রতিসম কার্বন বর্তমান এবং যৌগটিকে এমন দু'ভাগে ভাগ করা যায় যে একটি অংশ অপর অংশের উপর দর্পণ প্রতিবিম্ব হয়।

আলোক সক্রিয় সমাণুর সংখ্যা, $2^{(3-1)} - 2^{\left(\frac{3-1}{2}\right)} = 2^2 - 2 = 4 - 2 = 2$ টি।

আলোক সমাণুতার গুরুত্বপূর্ণ তথ্য:-

আপেক্ষিক ঘূর্ণন বা আবর্তন:

পোলারিমিটারনে রক্ষিত আলোক সক্রিয় যৌগ প্রতি ঘন সেন্টিমিটার দ্রবণে এক গ্রাম 'ঘনমাত্রা থাকলে, ঐ দ্রবণের মধ্যদিয়ে এক সমতলীয় আলো এক ডেসিমিটার দৈর্ঘ্য অতিক্রমিত হওয়ার সময় যে পরিমাণ ঘূর্ণনের সৃষ্টি করে, ঐ পরিমাণ ঘূর্ণনই ঐ আলোক সক্রিয় যৌগের আপেক্ষিক ঘূর্ণন বা আপেক্ষিক আবর্তন।

যদি TK তাপমাত্রার কোনো আলোক সক্রিয় যৌগের 'c' ঘনমাত্রার দ্রবণের দৈর্ঘ্য l ডেসিমিটার দূরত্ব d -তরঙ্গের একবর্ণী সোডিয়াম আলোর প্রতিসরণকালে ঐ আলোক সক্রিয় যৌগ কর্তৃক এক সমতলীয় আলোর তলের ঘূর্ণনের পরিমাণ 'a' হয় তবে ঐ আলোক সক্রিয় যৌগের আপেক্ষিক আবর্তন, $[\alpha]$ কে প্রকাশ করা হয়-

$$\text{আপেক্ষিক আবর্তন, } [\alpha]_T^{\lambda} = \frac{\alpha}{l \times c} = \frac{\text{দর্শক কর্তৃক পরিলক্ষিত আবর্তন}}{\text{পোলারিমিটার টিউবের দৈর্ঘ্য} \times \text{দ্রবণে ঘনমাত্রা}}$$

Example 2.0 g দ্রবকে দ্রাবকে দ্রবীভূত করে 10 ml দ্রবণ প্রস্তুত করা হলো। 25°C তাপমাত্রায় এ দ্রবণকে 25 cm দৈর্ঘ্যের পোলারিমিটার টিউবের মধ্যে রেখে দর্শক আলোর ঘূর্ণনের মান +13.4° পর্যবেক্ষণ করেন। যৌগটির আপেক্ষিক ঘূর্ণনের মান নির্ণয় কর।

$$\begin{aligned} \text{সমাধান: আমরা জানি আপেক্ষিক ঘূর্ণনের মান, } [\alpha]_T^{\lambda} &= \frac{\text{দর্শক কর্তৃক পরিলক্ষিত আবর্তন}}{\text{পোলারিমিটার টিউবের দৈর্ঘ্য (dm)} \times \text{দ্রবণে ঘনমাত্রা (g mL}^{-1}\text{)}} \\ &= \frac{\text{দর্শক কর্তৃক পর্যবেক্ষিত আলোর ঘূর্ণন (θ)}}{\text{ডেসিমিটার এককে পোলারিমিটার টিউবের দৈর্ঘ্য} \times \text{g mL}^{-1} \text{ এককে দ্রবণের ঘনমাত্রা}} \end{aligned}$$

$$\therefore [\alpha]_T^{\lambda} = \frac{13.4}{2.5 \times 0.2} = +26.8^\circ$$

∴ যৌগটির আপেক্ষিক ঘূর্ণনের মান +26.8°

এখানে দর্শক কর্তৃক পর্যবেক্ষিত আলোক ঘূর্ণন, $\theta = +13.4^\circ$
 পোলারিমিটার টিউবের দৈর্ঘ্য = 25 cm = 2.5 dm [∴ 1 dm = 10 cm]
 দ্রবণের ঘনমাত্রা = $\frac{2}{10} = 0.2 \text{ g mL}^{-1}$

- আলোক সক্রিয় যৌগের এক সমতলীয় আলোর ঘূর্ণন নিম্নলিখিত বিষয়গুলোর ওপর নির্ভর করে:
- পোলারিমিটার টিউবের মধ্যে কী পরিমাণ উপাদানকে নেয়া হয়েছে অর্থাৎ দ্রবণের ঘনমাত্রার ওপর।
 - পোলারিমিটার টিউবের মধ্যে রাখা দ্রবণের দৈর্ঘ্যের ওপর।
 - এক সমতলীয় আলোর তরঙ্গ দৈর্ঘ্য, λ এর মানের ওপর।
